



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer WorkSheet- 12

Class: 3



Subject: Bengali text (কাঁচ)

Date: 04/09/2020

১। সর্বপ্রথম কাঁচ কিরকম ছিল ? কি কি দিয়ে সেই কাঁচ বানানো হত ?

উঃ সর্বপ্রথম কাঁচ ছিল ময়লাগোছের । তার মাঝে ঘোলাটে দাগ থাকত । প্রথমে বালির সঙ্গে ক্ষার গলিয়ে কাঁচ তৈরি হত । চুল্লির আঁচে শুধু বালি গলে না । তাই বালির সঙ্গে চুন পাথর আর ক্ষার মিশিয়ে জ্বাল দিয়ে গলিয়ে নেওয়া হত । তারপর সবকিছু গলে, মিশে গেলে, শেষে ঠান্ডা হলে কাঁচ হয়ে যেত ।

২। নিখুঁত সাদা কাঁচ কারা কিভাবে প্রথম তৈরি করেছিল ?

উঃ নিখুঁত সাদা কাঁচ ইংরেজরা প্রথম তৈরি করেছিল । প্রায় তিনশ বছর আগে ইংলন্ডের কয়েকজন উৎসাহী লোকের চেষ্টায় একরকম চমৎকার কাঁচ তৈরি করেছিলেন । তারা কয়লার চুল্লিতে সমুদ্রের পানা পুড়িয়ে তাথেকে পটাশ বার করে তার মধ্যে খাঁটি চকমকি পাথরের গুড়ো আর সীসা ভস্ম মিশিয়ে স্বচ্ছ নতুন রকমের কাঁচ তৈরি করেছিলেন ।

৩। 'বহুমূল্য রত্ন বলে দেশ বিদেশে তার আদর হত' ----কার সম্বন্ধে কেন এরূপ কথা বলা হয়েছে বুঝিয়ে দাও ?

উঃ রঙিন কাঁচের পুঁতি মুক্তো সম্বন্ধে এই কথা বলা হয়েছে । প্রথম প্রথম মানুষ যে কাঁচ ব্যবহার করত তা শৌখিন জিনিস হিসাবে কদর হত । এরপর তারা কাঁচ তৈরি করবার সময় তার সঙ্গে নানারকম ধাতুর মশলা মিশিয়ে তাতে নানারকম রঙ ফলিয়ে দিত । সেই সমস্ত রঙিন কাঁচের পুঁতি মুক্তো লোকে অসম্ভব দামে কিনে নিত । বহুমূল্য রত্ন হিসাবে দেশ বিদেশে তার আদর হত ।

৪। বর্তমান যুগের প্রয়োজনীয়তায় কাঁচের ব্যবহারের উল্লেখ কর ?

উঃ বর্তমান যুগে নানান প্রয়োজনীয় ও শৌখিন জিনিস হিসাবে কাঁচের ব্যবহার হয় । কাঁচের শারশি দিয়ে বাড়ির জানালা দরজা গাড়ি ও উড়োজাহাজের দরজা জানালা । সাজসজ্জার জন্য

নানান আকারের আয়না তৈরি করা হয়। আলমারি বইয়ের তাক, টেবিল, নানারকম পুতুল, খেলনা, প্রদীপদান, ল্যাম্প, হ্যারিকেন তৈরি করা হয়। চশমা বানাতে কাঁচের ব্যবহার করা হয়। নানারকম যন্ত্রপাতি যেমন অনুবীক্ষণ, দুরবীন, টেলিস্কোপ, পেরিস্কোপ ইত্যাদি তৈরি করা হয়।

Manashi Chaudhuri